

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/৫১

তারিখ : ৩০/০৪/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোটা মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোটা মেধা তালিকায় অত্র কলেজে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে আগামী ০৩/০৫/২০২৬ তারিখ থেকে ০৫/০৫/২০২৬ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) অনলাইনে সম্পন্ন হবে।

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ (সেমিনার ফি ব্যতিত):

এম.এ/এম.এস.এস/এম.বি.এ (শেষ পর্ব)	এম.এস.সি (শেষ পর্ব)
মোট টাকা = ৪৭৭৫/-	মোট টাকা = ৪৮৭৫/-

সেমিনার ফি এম.এ /এম.এস.এস /এম.বি.এ ৪৫০/- (চারশত পঞ্চাশ) ও এম.এস.সি ৬০০/- (ছয়শত) টাকাসহ অন্যান্য বিভাগীয় ফি রশিদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট <http://debendracollege.eshiksabd.com/> এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।

০৩। Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।

০৪। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :

Select Department (যে বিভাগে চান্সপ্রাপ্ত) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

০৫। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে। (ছবির সাইজ হবে সর্বোচ্চ ৯৯৯ kb)। শিক্ষার্থীরা শুধু এস এস সি, এইচ এস সি এবং অনার্স পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

০৬। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।

০৭। অতঃপর রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। শিক্ষার্থী ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিবে।

মোবাইলের মাধ্যমে রকেট/উপায়/বিকাশ/নগদে ভর্তি ফি জমাদানের পদ্ধতি:

রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

ভর্তি ফরম পূরণ ও ভর্তি ফিস প্রদানের পর শিক্ষার্থীদের করণীয়:

পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০১ কপি ও দেবেন্দ্র কলেজে রেজিস্ট্রেশনের জন্য পূরণকৃত ফরম ০১ কপি) নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ৯.৩০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত)।


(ক) এসএসসি, এইচ এস সি এবং অনার্স পরীক্ষার মূল সনদপত্র, নম্বরপত্র এবং প্রশংসাপত্রসহ প্রতিটির ফটোকপি ০২ টি করে।

(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঞ্জীন ছবি।


(গ) রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, বিভাগ, ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে)।

বি.দ্র.- রকেট/উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে টাকা জমা দেওয়ার সময় কোন জটিলতা দেখা দিলে সাথে সাথে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১১০৭) যোগাযোগ করতে হবে।

প্রতিস্বাক্ষর



সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

✓ 

মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রাম ভর্তি কমিটি/ ২০২৩-২০২৪
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।